ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 2 ● Issue - 002 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ০০২ ● কলকাতা ● ১৭ পৌষ, ১৪৩২ ● শুক্রবার ● ০২ জানুয়ারি ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 161

## হিমালয়ের সমর্পণ যোগ



অর্থাৎ জীবনে প্রাপ্ত সফলতার অহঙ্কার রেখো না আর জীবনে মেলা অসফলতারও আত্মগ্লানি করো না। নিজে নিজেকে এক আত্মা ভাব এবং "আমি এক আত্মা, বাস এই সত্য। বাকী সব মিথ্যা"- এটা মনে রাখ। তবেই জীবনে এই শরীরের মায়াজালের বাইরে বেরোতে পারবে, অন্যথায় কখনও সত্যকে জানতেই পারবে না, আর জীবনভর পথভ্রান্ত হয়ে ঘুরতে থাকবে।

ক্রমশঃ

# ১.৫ কোটিরও বেশি নাম বাদ যেতে পারে পশ্চিমবঙ্গে? দিলীপের দাবি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বুধবার দিলীপ ঘোষ জানিয়ে দিলেন, SIR-এ পশ্চিমবঙ্গে ১.৫ কোটি নাম বাদ যেতে চলেছে। কয়েকদিনের মধ্যেই কেন্দ্রীয় নেতৃত্বের নির্দেশ মতো শুরু হবে বিজেপির ম্যারাথন সভা, কর্মসূচি। কিন্তু এর মাঝে কি ফ্যাক্টর হতে পারে বিশেষ কোনও নাম? সেই প্রশ্নেরও স্পষ্ট জবাব দিয়েছেন দিলীপ। তিনি বলেন, "দিলীপ ঘোষ, বিজেপি নেতা- সবাই ডাকলে যাব। উনিও আমাদের নেতা। সুকান্তদা আছেন। বা তাঁদের ছাড়াও আমি একাধিক জায়গায় যাব। এই যে আমাদের ২৯৪টা সিট আছে, সব জায়গায় যদি সব মানুষের কাছে পৌঁছতে হয়, তাহলে আমাদের সবাইকে যেতে হবে।এক জায়গায় ৪ জন মিলে সভা করে তো আমরা

এরপর ৩ পাতায়



# বাংলা জুড়ে বির্তকের মুখে পরিচালক রাজ



বেবি চক্রবর্তী

'ঝুলি না ঝোলাই' - এইটুকু সংলাপ নিয়ে একেবারে হৈচৈ পড়ে গেছে বাংলা জুড়ে। বিতর্কের কেন্দ্রে রাজ চক্রবর্তীর 'হোক কলরব'। টিজারের এক দৃশ্যে পুলিশের উর্দি গায়ে শাশ্বত চট্টোপাধ্যায়কে বলতে শোনা যায়, "নমস্কার, আমি ক্ষুদিরাম চাকী। না, আমি ঝুলি না, ঝোলাই!" আর সেই সংলাপ শুনেই প্রতিবাদে মুখর হয়েছেন সভ্য দর্শকমহলের একাংশ। ক্ষুদিরাম বসুকে অসম্মানের অভিযোগ উঠেছে পরিচালক রাজ চক্রবর্তীর (Raj Chakraborty) বিরুদ্ধে। সংশ্লিষ্ট ইস্যুতে এবার মুখ খুললেন রচনা বন্দ্যোপাধ্যায়।

রচনা বললেন,"উনি চাইলে অন্য নাম রাখতে পারতেন, সচেতন হওয়ার প্রয়োজন ছিল।" সাংসদ-অভিনেত্রীর সংযোজন, "এখন সোশাল মিডিয়ার যুগ। একটু উনিশ-বিশ হলেই মানুষ সেটাকে ইস্যু করে নেয়। এরকম নাম হয়তো আগে অনেক ব্যবহার হয়েছে, তখন তো সোশাল মিডিয়া এত স্ট্রং ছিল না। আমার বাবার নাম রবীন্দ্রনাথ ব্যানার্জি আমি তার মেয়ে রচনা ব্যানার্জি। অনেকে বলতো এই রবীন্দ্রনাথ এদিকে আয়। তাহলে যদি বলেন যে তুই-তুকারি করা হলো সেটা তো নয়। আমার বাবার নাম সেটা।উনিও হয়তো তাই সেইভাবে নামটা রেখেছেন ক্ষুদিরাম চাকী। এখন অনেকে হয়তো ভাবছেন একজন বিশিষ্ট মানুষের নাম এভাবে রাখা হয়েছে। এর থেকেও আমাদের জীবনে অনেক গুরুত্বপূর্ণ বিষয় আছে, যেগুলো নিয়ে আলোচনা করা উচিত। ভাবা উচিত।" এরপর রচনা জানান, "এ বিষয়ে ওঁর সচেতন হওয়া উচিত। উনি চাইলে অন্য নাম রাখতে পারতেন। কিন্তু মানুষ মাত্রই তো ভুল হয়। সেটা হয়তো ওনার হয়ে গিয়েছে।"

# কল্পতরু দিবসে বেলুড় মঠে উপচে পড়া ভক্তসমাগম

বেবি চক্রবর্তী



নতুন বছরের প্রথম দিনেই আধ্যাত্মিক আবেশে মুখর হয়ে উঠল বেলুড় মঠ। ভোরের অন্ধকার কাটতে না কাটতেই মঠ চত্বরে শুরু হয় পবিত্র মঙ্গল আরতি, আর তার সঙ্গেই সূচনা হয় পুণ্যতিথি কল্পতরু দিবস। সকাল থেকে সারাদিন ধরে লক্ষাধিক ভক্তের আগমনে বেলুড় মঠ পরিণত হয় এক বিশাল তীর্থক্ষেত্রে। শ্রীশ্রী রামকৃষ্ণ পরমহংসদেবের জীবনের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িয়ে থাকা এই কল্পতরু দিবসে দেশ-বিদেশের ভক্তরা ভোর থেকেই মঠে ভিড় জমান। সারি বেঁধে ভক্তরা প্রবেশ করেন মূল মন্দিরে, শ্রীশ্রী ঠাকুরের দর্শন ও আশীর্বাদ গ্রহণের জন্য। মন্ত্রোচ্চারণ, ভজন-কীর্তন এবং ঘণ্টাধ্বনিতে সমগ্র মঠ প্রাঙ্গণ এক পবিত্র পরিবেশে ভরে ওঠে।

মঠ কর্তৃপক্ষের পক্ষ থেকে ভক্তদের সুবিধার্থে নেওয়া হয় বিশেষ ব্যবস্থা। স্বেচ্ছাসেবকদের তৎপরতায় শৃঙ্খলাপূর্ণভাবে দর্শন ব্যবস্থা পরিচালিত হয়। নিরাপত্তা, পানীয় জল, প্রাথমিক চিকিৎসা সহ যাবতীয় পরিষেবার দিকেও বিশেষ নজর রাখা হয়।

কল্পতরু দিবস উপলক্ষে মঠের সন্ন্যাসীরা সারাদিন ধরে ধর্মীয় আলোচনা ও উপদেশ প্রদান করেন। ভক্তদের উদ্দেশ্যে রামকৃষ্ণ-বিবেকানন্দ দর্শনের বাণী তুলে ধরে মানবসেবার আহ্বান জানানো হয়। অনেক ভক্তের চোখে ছিল আবেগের জল—কারও কাছে এটি আশীর্বাদের দিন, আবার কারও কাছে নতুন জীবনের শপথ নেওয়ার মুহূর্ত।

সন্ধ্যা নামার সঙ্গে সঙ্গে মঠ প্রাঙ্গণে আরও একবার আরতির মাধ্যমে দিনের সমাপ্তি ঘটে। আলোকসজ্জায় সেজে ওঠা বেলুড় মঠে কল্পতরু দিবস যেন ভক্তদের মনে শান্তি, বিশ্বাস ও মানবিকতার এক গভীর বার্তা দিয়ে গেল।

# ১ ফেব্রুয়ারি থেকে গাড়ির জন্য নতুন ফাস্টট্যাগ ইস্যু করার সময় কেওয়াইভি-র প্রয়োজন হবে না বলে জাতীয় মহাসড়ক কর্তৃপক্ষ জানিয়েছে

নয়াদিল্লি, ১ জানুয়ারি, ২০২৬

মহাসড়ক দিয়ে যেসব গাড়ি যাওয়া-আসা করে, সেই গাড়িগুলি ফাস্টট্যাগ লাগানোর পর পোস্ট অ্যাক্টিভেশনের ক্ষেত্রে অনেক সময় সমস্যা দেখা দেয়। এই সমস্যা নিরসনে জাতীয় মহাসড়ক কর্তৃপক্ষ জানিয়েছে, আগামী ১ ফেব্রুয়ারি থেকে যে ফাস্টট্যাগ ইস্যু করা হবে তার জন্য 'নো ইয়র ভেহিকেল' প্রক্রিয়ার প্রয়োজন হবে না। এর ফলে, ফাস্টট্যাগ গাড়ির মধ্যে লাগানোর পর তার অ্যাক্টিভেশন না হওয়া সংক্রান্ত যে অসুবিধায় গাড়ির চালকরা পড়তেন, সেই সমস্যা দূর হল।

তবে যেসব গাড়িতে ফাস্টট্যাগ লাগানো রয়েছে, সেগুলির ক্ষেত্রে কেওয়াইভি-র দরকার না হলেও নির্দিষ্ট কিছু ক্ষেত্রে এর প্রয়োজন রয়েছে। মূলত ফাস্টট্যাগ হারিয়ে গেলে, এর অপব্যবহার হলে কেওয়াইভি সংক্রান্ত তথ্য যাচাই করা হবে। ব্যাঙ্কগুলি ফাস্টট্যাগ ইস্যু করার সময় 'বাহন' ব্যবস্থা থেকে প্রয়োজনীয় তথ্য যাচাই করা হয়েছে কিনা, সেটি পরীক্ষা-নিরীক্ষা করে। অনলাইনে ফাস্টট্যাগ বিক্রির পর যতক্ষণ না ব্যাঙ্ক থেকে সেটি বৈধ বলে স্বীকৃতি দেওয়া হচ্ছে, ততক্ষণ সেটি কার্যকর হবে না। জাতীয় মহাসড়ক কর্তৃপক্ষের নতুন এই সিদ্ধান্তের ফলে মহাসড়ক ব্যবহারকারীদের সুবিধা হবে।

(১ম পাতার পর)

# ১.৫ কোটিরও বেশি নাম বাদ যেতে পারে পশ্চিমবঙ্গে? দিলীপের দাবি

কভার করতে পারব না।"বৃহস্পতিবার রাজ্য বিজেপি-র সভাপতি শমীক ভট্টাচার্যের সঙ্গে বৈঠক করেন দিলীপ। আর তার পরই সাংবাদিক বৈঠকে তৃণমূলকে চাঁচাছোলা ভাষায় আক্রমণ করেন। SIR প্রশ্নে দিলীপ বলেন, "SIR নিয়ে দলের কাজ হয়ে গিয়েছে।এখন BLO-রা করছেন। কিন্তু যেটা আমরা বলেছিলাম যে প্রায় ১.৫ কোটির কাছাকাছি ভুয়ো ভোটার আছে, নাম বাদ যাবে, সেটা প্রায় কাছাকাছি। ৫৮-৫৯ লক্ষ তো ফর্মই ফেরত আসেনি। নাম বাদ গিয়েছে। এর পর যে ফর্ম এসেছে, তাঁদের একাধিক জায়গায় নাম আছে। জিজ্ঞেস করা হচ্ছে, কোথায় ভোটার থাকতে চান। SMS-এ মেসেজও আসছে।"

দিলীপ আরও বলেন, "১ কোটি ৩৮ লক্ষ আরও এমন নাম এসে যাবে। ডাকা হচ্ছে। আরও বাড়তে পারে। সেখান থেকেও কিছু ছাঁট বেরোবে। আমাদের বক্তব্যের দিকেই যাচ্ছে প্রসিডিং। তৃণমূল বলছিল, 'কী হল, কিছুই তো হল না'! কী হল বোঝা যাচ্ছে না? তাদের মহামন্ত্রী দিল্লিতে রাজপথে দাঁড়িয়ে চিৎকার করছিলেন কাল। বোঝা যাচ্ছে আগুন লেগেছে। মমতা বন্দ্যোপাধ্যায় এখনও সকাল বিকেল এখনও বলছেন, 'এই করব, তাই করব, দেখে নেব'। কেন? ঠান্ডা মাথায় বসুন না! ঠান্ডা ঠান্ডা, কুল কুল। তৃণমূলকে এভাবেই দেখতে চাই আমরা। কিন্তু এখন আর সম্ভব নয়। কারণ আগুন লেগে গিয়েছে। এই যে ১-১.৫০ কোটি নাম যদি বাদ যায়, তৃণমূল থাকবে কোথায়! এটাই সত্য, তথ্য প্রমাণ দিচ্ছে।"

তৃণমূলকে কটাক্ষ করে দিলীপ বলেন, "তৃণমূল এমন একটা দল, সেটা পাখির মধ্যে পড়ে, না কি পশুর মধ্যে পড়ে, না জলচরের মধ্যে পড়ে, নীতি কী, আদর্শ কী, সংবিধান আছে কি না, কেউ জানে না। পাহাড়ে যে সব গরু থাকে, বৃষ্টির সময় তাদের চুল লম্বা হয়ে যায় কুকুরদেরও হয়। গরমে আবার খুলে যায়। এরা ক্ষমতা দখলের জন্য যা করার করে।"

# অপারেশন সিন্দুরে ডিআরডিও-র অস্ত্র নির্ণায়ক ভূমিকা পালন করার মধ্য দিয়ে জাতীয় স্বার্থ রক্ষায় এই সংস্থার অঙ্গীকার প্রতিফলিত হয়েছে : সংস্থার প্রতিষ্ঠা দিবসে প্রতিরক্ষা মন্ত্রী

**নয়াদিল্লি, ১ জানুয়ারি, ২০২৬**

প্রতিরক্ষা মন্ত্রী শ্রী রাজনাথ সিং আজ নতুন দিল্লিতে প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থার (ডিআরডিও) প্রতিষ্ঠা দিবস উপলক্ষে এর সদর দপ্তরে যান। ৬৮তম প্রতিষ্ঠা দিবসে শ্রী সিং সংস্থার প্রশংসা করে বলেন, এখানে উদ্ভাবিত অস্ত্র অপারেশন সিন্দুর অভিযানে নির্ণায়ক ভূমিকা পালন করেছে। জাতীয় স্বার্থ রক্ষায় এই সংস্থা তার পেশাদারিত্ব ও অঙ্গীকারের প্রমাণ দিয়েছে। সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে উদ্ভাবিত অস্ত্র সশস্ত্র বাহিনীর জন্য সহায়ক হচ্ছে। এই সংস্থার তৈরি অস্ত্রশস্ত্র প্রতিরক্ষা বাহিনী যখন ব্যবহার করে, তখন বাহিনীর সদস্যদের মনোবল উদ্দীপিত হয়।

শ্রী সিং বলেন, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২০২৫-এর স্বাধীনতা দিবস উপলক্ষে দিল্লির লালকেল্লা প্রাকার থেকে বলেছিলেন, ডিআরডিও সুদর্শন চক্র তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই উদ্যোগের মাধ্যমে আগামী দশকে বিমানবাহিনীর প্রতিরক্ষা ব্যবস্থাপনা আরও শক্তিশালী হয়ে উঠবে। ডিআরডিও-র সঙ্গে বেসরকারি সংস্থাগুলির একযোগে কাজ করার বিষয়টি উল্লেখ করে তিনি জানান, বর্তমানে শিল্প ও শিক্ষাজগৎ এবং স্টার্ট-আপ সংস্থাগুলি একযোগে কাজ করছে। এর ফলে প্রতিরক্ষা ব্যবস্থাপনায় নতুন জোয়ার এসেছে। স্টার্ট-আপ সংস্থাগুলির পাশাপাশি অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগগুলিও ডিআরডিও-র নতুন নতুন উদ্ভাবনের সুফল পাচ্ছে।

বর্তমান যুগকে শুধু বিজ্ঞানের যুগ বললেই চলবে না, এই সময়ে বিভিন্ন উদ্ভাবন এবং প্রতিনিয়ত নতুন নতুন শিক্ষালাভ হয়ে চলেছে। শ্রী সিং বলেন, প্রযুক্তি, উদ্ভাবন এবং নতুন নতুন রণকৌশল প্রতিনিয়ত পরিবর্তিত হচ্ছে ও উন্নত হচ্ছে। অনুষ্ঠানে প্রতিরক্ষা দপ্তরের উদ্ভাবন শাখার সচিব তথা ডিআরডিও-র চেয়ারম্যান ডঃ সমীর ভি কামাথ এবং প্রতিরক্ষা প্রতিমন্ত্রী শ্রী সঞ্জয় শেঠ সহ সংস্থার বৈজ্ঞানিক ও আধিকারিকরা উপস্থিত ছিলেন।

# কৃত্রিম মেধা চ্যালেঞ্জের সূচনা এবং ওড়িশায় রায়রংপুরে ভার্চুয়াল মাধ্যমে ইগনু আঞ্চলিক কেন্দ্র এবং দক্ষতা বিকাশ কেন্দ্রের উদ্বোধন করলেন রাষ্ট্রপতি

**নয়াদিল্লি, ১ জানুয়ারি, ২০২৬**

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদি মুর্মু রাষ্ট্রপতি ভবন সংস্কৃতি কেন্দ্রে আজ এক অনুষ্ঠানে #SkilltheNation চ্যালেঞ্জের আনুষ্ঠানিক সূচনা করেন। এই উপলক্ষে তিনি ওড়িশার রায়রংপুরে ইগনু আঞ্চলিক কেন্দ্র এবং দক্ষতা বিকাশ কেন্দ্রের ভার্চুয়াল মাধ্যমে উদ্বোধন করেন। রাষ্ট্রপতি বলেন, বিশ্ব জুড়ে অর্থনীতি এবং সমাজের পুনর্গঠন করছে কৃত্রিম মেধা। নতুন এই ব্যবস্থা আমরা কি ভাবে শিখবো, কি করে কাজ করবো, আধুনিক পরিষেবার সুযোগ কি করে নেবো এবং মানবতার বৃহত্তম চ্যালেঞ্জগুলি কি করে মোকাবিলা করবো তার সামগ্রিক রূপান্তর ঘটাচ্ছে। ভারতের মতো তরুণ রাষ্ট্রে কৃত্রিম মেধা কেবল প্রযুক্তিই নয়, সদর্থক চ্যালেঞ্জের এক বিরাট সম্ভাবনাও।

রাষ্ট্রপতি বলেন, ভারতের প্রয়াসই হল, প্রযুক্তিকে মানুষের ক্ষমতায়ন ঘটানোর কাজে লাগানো। এই ব্যবস্থা অন্তর্ভুক্তিকরণের প্রসার, এবং সকলের জন্য সুযোগের ক্ষেত্রকে প্রসারিত করে। কৃত্রিম মেধার ব্যবহার হওয়া উচিত সামাজিক, অর্থনৈতিক এবং প্রযুক্তিগত বিভাজনের পার্থক্যকে দূর করা। এর সুবিধা যাতে সমাজের প্রতিটি স্তরে, সমস্ত বয়েসের মানুষের কাছে, বিশেষ করে প্রান্তিক জনগোষ্ঠীর কাছে পৌঁছায় তা সুনিশ্চিত করা দরকার।

ছাত্রছাত্রীরা ভবিষ্যতের লক্ষ্যে সমস্ত সুযোগ ও সম্ভাবনা অর্জনের যে প্রস্তুতি নিচ্ছে তাতে সন্তোষ প্রকাশ করেন রাষ্ট্রপতি। তিনি

এরপর ৬ পাতায়

## সম্পাদকীয়

### জাল বিএড শংসাপত্র দিয়ে চাকরি করছেন সিপিএম নেতার ছেলে, ধরা পড়তেই দায়ের এফআইআর

যাঁরা শিক্ষক নিয়োগ দুর্নীতি নিয়ে বিস্তর চিৎকার করে যান এবং আদালতে মামলা করেন এবার তাঁদের দলেরই নেতার ছেলে ধরা পড়েছে ভুয়ো শংসাপত্র দিয়ে চাকরি করার জেরে। হ্যাঁ, দলের নাম সিপিএম। আর সিপিএম নেতার ছেলে উত্তরপ্রদেশ থেকে ভুয়ো বিএড ডিগ্রি জমা করে স্কুল শিক্ষকের চাকরি করছেন বলে অভিযোগ উঠেছে।এছাড়া পুলিশ সূত্রে খবর, সুদীপ্ত প্রধানের বাড়ি চণ্ডীপুর ব্লকের কুলবাড়ি গ্রাম পঞ্চায়েতের অধীন শিমুলবাড়ি গ্রামে। ২০১৬ সালে এসএসসি পরীক্ষা দেওয়ার জন্য বিএড বাধ্যতামূলক ছিল। সিপিএম নেতার ছেলে সুদীপ্ত প্রধান উত্তরপ্রদেশের মিরাটের বিএড কলেজের মার্কশিট জমা করে পরীক্ষায় বসেন। আর এভাবেই ২০২০ সালের জানুয়ারি মাসে চণ্ডীপুরের চৌখালি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত একাত্তর হাইস্কুলে যোগ দেন। তারপর থেকে পাঁচ বছর চাকরি করছেন নিশ্চিন্তে। এই বিষয়ে পূর্ব মেদিনীপুরের অতিরিক্ত পুলিশ সুপার অগ্নিশ্বর চৌধুরী বলেন, 'ডিআইবি থেকে শিক্ষক-শিক্ষিকাদের নথি পরীক্ষা করা হচ্ছিল। তাতে চণ্ডীপুরের ওই শিক্ষকের বিএড ডিগ্রি জাল বলে চিহ্নিত হয়। তখনই ডিআইবি শাখার পক্ষ থেকে চণ্ডীপুর থানায় এফআইআর দায়ের করা হয়েছে।'এই ঘটনা প্রকাশ্যে আসতেই ব্যাপক আলোড়ন পড়ে গিয়েছে। এসএসসি-সহ একাধিক নিয়োগ নিয়ে কলকাতা হাইকোর্ট থেকে সুপ্রিম কোর্ট পর্যন্ত মামলা করেছে সিপিএম। আর সেই দলের চণ্ডীপুরের দোর্দণ্ডপ্রতাপ নেতার ছেলে ধরা পড়ে গেল ভুয়ো শংসাপত্র দিয়ে চাকরি করতে গিয়ে। আর তারপরই তাঁর বিরুদ্ধে দায়ের হল এফআইআর।

এদিকে পূর্ব মেদিনীপুর জেলা পুলিশের ইন্টেলিজেন্স বিভাগ চণ্ডীপুর থানায় ওই শিক্ষকের বিরুদ্ধে এফআইআর দায়ের করেছে। কারণ মিরাটের মুক্তকেশী মেমোরিয়াল বিএড কলেজ থেকে সার্টিফিকেট জমা করেন ওই সিপিএম নেতার ছেলে। সেটি ভেরিফিকেশন করে জাল বলে জেনেছে পুলিশ। ২০১৬ সালে এসএসসি পরীক্ষা দিয়ে চাকরি পান সুদীপ্ত প্রধান। তিনি এখন চণ্ডীপুরের একাত্তর হাইস্কুলের কর্মশিক্ষার শিক্ষক। তাঁর বাবা মঙ্গলেন্দু প্রধান সিপিএমের জেলা কমিটির সদস্য। সুদীপ্তই জাল বিএড শংসাপত্র দিয়ে চাকরি করছেন বলে অভিযোগ। যা নিয়ে এখন জোর চর্চা শুরু হয়েছে।

অন্যদিকে এই ঘটনা প্রকাশ্যে আসতেই সিপিএমের প্রতিক্রিয়া সকলেই জানতে চান। আর তা নিয়ে সিপিএমের জেলা কমিটির সম্পাদক নিরঞ্জন সিহি জানান, মঙ্গলেন্দু প্রধান পার্টির জেলা কমিটির সদস্য। ২০১৬ সালে চণ্ডীপুর বিধানসভা কেন্দ্রের সিপিএমের প্রার্থীও হয়েছিলেন। এমনকী এই সিপিএম নেতা দুবারের কুলবাড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধান ছিলেন। সেখানে দোর্দণ্ডপ্রতাপ নেতার সিপিএম নেতার ছেলের এমন কর্মকাণ্ডে ঢি-ঢি পড়ে গিয়েছে। আর তা নিয়ে চরম বিড়ম্বনায় পড়েছে জেলা সিপিএমও। শংসাপত্র জাল হওয়ার কারণে তাঁর চাকরিও চলে যেতে পারে বলে মনে করা হচ্ছে।

# তুমি লক্ষ্মী-সরস্বতী



মৃত্যুঞ্জয় সরদার
(দশম পর্ব)



স্রোতধারা হল চমসোদ্ভেদ, শিবোদ্ভেদ ও নাগোদ্ভেদ। রাজস্থানের মরুভূমির বালির মধ্যে চলুর গ্রামের নিকটে সরস্বতী অদৃশ্য হয়ে ভবানীপুরে দৃশ্য হয়, আবার বলিচ্ছপুর নামকস্থানে অদৃশ্য হয়ে বরখের নামক স্থানে দৃশ্য হয়। তান্ডমহাব্রাহ্মণে সরস্বতী নদীর উৎপত্তিস্থল হিসাবে প্লক্ষপ্রস্রবণ ও বিনাশস্থল হিসেবে বিনশনের নামোল্লেখ

ক্রমশঃ

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## বিএসএনএল সারা দেশে সবকটি সার্কেলে শুরু করল ভয়েসওভার ওয়াইফাই (ভিওডাবলুআইএফআই) পরিষেবা

**নতুন দিল্লি, ০১ জানুয়ারি, ২০২৬**

নতুন বছরে ভারতের প্রথম শ্রেণীর রাষ্ট্রায়ত্ত টেলি যোগাযোগ পরিষেবাপ্রদানকারী সংস্থা ভারত সঞ্চার নিগম লিমিটেড (বিএসএনএল) আনন্দের সঙ্গে ঘোষণা করছে যে, দেশজুড়ে শুরু হলো ভয়েসওভার ওয়াইফাই (ভিওডাবলুআইএফআই) যা পরিচিত ওয়াইফাই কলিং নামেও। এই আধুনিক পরিষেবা এখন থেকে পাবেন দেশের প্রত্যেকটি টেলিকম সার্কেলে সব বিএসএনএল গ্রাহকরা। ফলে, সমস্যাসঙ্কুল পরিবেশেও উচ্চ মানের সুষ্ঠু যোগাযোগ সুনিশ্চিত হবে। ভিওডাবলুআইএফআই-এর জন্য গ্রাহকরা ভয়েস কল এবং মেসেস পাবেন এবং পাঠাতে পারবেন ওয়াইফাই নেটওয়ার্কের মাধ্যমে। বাড়ি, অফিস, বেসমেন্ট এবং দুর্গম অঞ্চল যেখানে মোবাইল সিগনাল দুর্বল সেখানেও স্পষ্ট এবং নির্ভরযোগ্য যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত হবে। ভিওডাবলুআইএফআই একটি আইএমএস ভিত্তিক পরিষেবা। ওয়াইফাই এবং মোবাইল নেটওয়ার্কের মধ্যে

এরপর ৬ পাতায়

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

ইঁহার মুখ একটি এবং হাত ছয়টি। ইঁহার তিনটি দক্ষিণ হস্তে বজ্র খড়্গ ও চক্র থাকে ও তিনটি বাম হাতে কপাল রত্ন ও পদ্ম থাকে। ভয়ের চেয়েও ভয়ঙ্কর চর্চিকার এই রূপ। এই দেবীর প্রস্তর কিংবা ধাতু মূর্তি এখন পর্যন্ত নজরে পড়ে নাই।" (বিনয়তোষ ৫০)।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# চিবানো তামাক, জর্দা গন্ধযুক্ত তামাক এবং গুটখা তৈরির মেশিনের ওপর আরোপিত শুল্ক নিয়ে প্রতিনিয়ত জিজ্ঞাসিত প্রশ্নসমূহ

(প্রথম পর্ব)

**নয়াদিল্লি, ১ জানুয়ারি, ২০২৬**

১. তামাক এবং তামাকজাত দ্রব্যের ওপর কার্যকর কেন্দ্রীয় আবগারি শুল্ক হারগুলি কি কি?

তামাক এবং তামাকজাত পণ্যের ওপর কার্যকর আবগারি শুল্ক হার বিজ্ঞপ্তি নম্বর ০৩/২০২৫- কেন্দ্রীয় আবগারি শুল্ক এবং বিজ্ঞপ্তি নম্বর ০৪/২০২৫ কেন্দ্রীয় আবগারি ৩১.১২.২০২৫-এ প্রকাশিত। এই আবগারি শুল্ক হার সমূহ ১ ফেব্রুয়ারি ২০২৬ থেকে কার্যকর হবে।

২. চিবানো তামাক, জর্দা গন্ধযুক্ত তামাক এবং গুটখা প্যাকেজিং মেশিন (দক্ষতা নির্ধারণ এবং আবগারি সংগ্রহ) নিয়মাবলী ২০২৫ কি জন্য?

এই নিয়মাবলী বিজ্ঞপ্তি নম্বর ০৫/২০২৫- কেন্দ্রীয় আবগারি শুল্ক (এন.টি) তারিখ ৩১.১২.২০২৫-এ প্রকাশিত। এই নিয়মাবলীগুলি ১ ফেব্রুয়ারি ২০২৬ থেকে কার্যকর হবে।

৩. এইসব নিয়মাবলীর অধীন কোন দ্রব্যসমূহকে যুক্ত করা হয়েছে?

কেন্দ্রীয় আবগারি শুল্ক আইন, ১৯৪৪-এ বিভাগ ৩এর অধীন প্রকাশিত বিজ্ঞপ্তি নম্বর ০৪/২০২৫ কেন্দ্রীয় আবগারি (এন.টি) তারিখ ৩১.১২.২০২৫-এ নিয়মাবলীগুলি প্রকাশিত। এর আওতাধীন হবে চিবানো তামাক (ফিল্টার খৈনি সহ) জর্দা গন্ধযুক্ত তামাক এবং গুটখা।

৪. চিবানো তামাক, জর্দাগন্ধযুক্ত তামাক এবং গুটখা প্যাকেজিং মেশিন (ক্ষমতা নির্ধারণ এবং আবগারি সংগ্রহ) বিধিমালা ২০২৫ কী?

বিজ্ঞাপিত দ্রব্যসমূহ যথাক্রমে চিবানো তামাক, (ফিল্টার খৈনি সহ) জর্দাগন্ধযুক্ত তামাক এবং গুটখার ওপর কি ভাবে ক্ষমতা নির্ধারণ এবং কেন্দ্রীয় আবগারি শুল্ক সংগ্রহ হচ্ছে এই বিধিমালায় তার উল্লেখ রয়েছে।

৫. যেসব কর দাতাদের ইতিমধ্যেই কেন্দ্রীয় আবগারি নিবন্ধীকরণ রয়েছে তাদেরও কি পৃথক নিবন্ধীকরণের প্রয়োজন রয়েছে?

চলতি কেন্দ্রীয় আবগারি নিবন্ধীকৃত কর দাতাদের জন্য আর পৃথক নিবন্ধীকরণের দরকার নেই।

৬. বিজ্ঞপ্তি মারফত প্রকাশিত দ্রব্যসমূহের সকল নির্মাণকারীকেই কী এই নিয়ামবলীতে নির্ধারিত বিবেচিত আবগারি শুল্ক প্রদান করতে হবে?

না। এইসব নিয়মাবলী বিজ্ঞপ্তি মারফত প্রকাশিত দ্রব্যের পাউচ নির্মাতাকারীদের জন্যই কার্যকর হবে। টিনে বা অন্য পদ্ধতিতে নির্মাণকারীদের ক্ষেত্রে মূল্যায়ণযোগ্য মানের ওপর কার্যকরী আবগারি শুল্কই প্রদান করতে হবে।

৭. আবগারি শুল্ক গণনার উদ্দেশ্যে কি বিজ্ঞপ্তিকৃত পণ্যের খুচরা বিক্রয় মূল্যে কি কোন হ্রাস পাওয়া যায়?

হ্যাঁ, হ্রাস পাওয়া যায় এবং ০১.০২.২০২২ তারিখের বিজ্ঞপ্তি নং ০১/২০২২- কেন্দ্রীয় আবগারি শুল্ক (এন.টি.) -এ পণ্যের জন্য প্রযোজ্য আবগারি শুল্ক হার বিজ্ঞপ্তি দেওয়ার সময় এটি বিবেচনা করা হয়েছে।

৮. কোন তারিখের মধ্যে বিজ্ঞপ্তিকৃত পণ্যের চলতি প্রস্তুতকারককে ঘোষণাপত্র জমা দিতে হবে?

নিয়ম কার্যকর হওয়ার সাত দিনের মধ্যে অর্থাৎ ৭ ফেব্রুয়ারী, ২০২৬ এর মধ্যে ফর্ম সিই ডিইসি-১ এ ঘোষণাপত্র পোর্টালে দাখিল করতে হবে।

৯. ফর্ম সিই ডিইসি-১ দাখিল করা কি বাধ্যতামূলক?

হ্যাঁ, এটা বাধ্যতামূলক।

১০. কী কী পরিমাপক ঘোষণা করতে হবে?

পরিমাপকগুলির মধ্যে রয়েছে মেশিনের সংখ্যা, মেশিন সম্পর্কিত বিশেষত্ব যেমন সর্বোচ্চ নির্ণায়ক ক্ষমতা এবং গিয়ার বক্স অনুপাত এবং উল্লিখিত খুচরা বিক্রয় মূল্যের বিবরণ।

১১. একজন চার্টার্ড ইঞ্জিনিয়ারের সার্টিফিকেট প্রয়োজন কেন?

ট্র্যাক/ফানেলের সংখ্যা, গিয়ার বক্স অনুপাত এবং মূল মোটরের প্রতি মিনিটে ঘূর্ণন সম্পর্কিত প্রযুক্তিগত তথ্য প্রদানের জন্য এটি প্রয়োজন।

১২. প্রকৃত উৎপাদন কি প্রাসঙ্গিক?

না, আবগারি মেশিনের সর্বোচ্চ নির্ণায়ক ক্ষমতা দ্বারা উৎপাদিত অনুমিত পরিমাণের উপর ভিত্তি করে।

১৩. প্রদেয় আবগারি শুল্ক কিভাবে গণনা করা হবে?

কেন্দ্রীয় আবগারি আইনের ধারা ৩এ অনুসারে, প্রস্তুতকারককে নির্ধারিত বার্ষিক উৎপাদন ক্ষমতার উপর ভিত্তি করে আবগারি শুল্ক দিতে হবে।

তবে, দাখিল করা ঘোষণাপত্র যাচাই না হওয়া পর্যন্ত, প্রস্তুতকারককে মাসে উৎপাদিত থলির খুচরা বিক্রয় মূল্য এবং প্যাকিং মেশিনের সর্বোচ্চ গতি, প্রতি মিনিটে থলিতে, আবগারি দিতে হবে।

উদাহরণস্বরূপ, যদি চিবানো তামাক উৎপাদনকারী মেশিনের সর্বোচ্চ ক্ষমতা ৫০০ থলি এবং খুচরো বিক্রয় মূল্য ২ টাকা হয়, তাহলে প্রতি মাসে প্রতি প্যাকিং মেশিনের শুল্কের হার ০.৮৩ কোটি টাকা হবে।

যদি চিবানো তামাক উৎপাদনকারী মেশিনের সর্বোচ্চ

ক্রমশঃ




পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu Sardar
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)

Mobile : 9564382031

# বাংলাদেশিদের চিহ্নিত করতে বস্তিতে-বস্তিতে মেশিন নিয়ে হাজির ওসি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

অবৈধ বাংলাদেশিদের খুঁজে বের করার হুঙ্কার দিয়ে চলেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বঙ্গে ভোট প্রচারে গিয়ে অনুপ্রবেশকারীদের কড়া হুঁশিয়ারি দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তবে দেশের দুই সর্বশক্তিমান নেতাকেও হার মানিয়ে দিয়েছেন উত্তরপ্রদেশের গাজিয়াবাদের কৌশাম্বী থানার স্টেশন হাউস অফিসার বা ওসি অজয় শর্মা।সমাজমাধ্যমে ছড়িয়ে পড়া এক ভিডিওতে দেখা যাচ্ছে, 'কৌশাম্বী থানার ওসি অজয় শর্মার জেরার মুখে বিহারি মার্কেট এলাকায় বসবাসকারী এক প্রৌঢ় নিজেকে বিহারের আরারিয়ার বাসিন্দা বলে দাবি করছেন। সঙ্গে সঙ্গে তাঁর পিঠে একটি মেশিন চেপে ধরে ওসি মহোদয় বলছেন, 'কিন্তু মেশিন যে বলছে আপনি বাংলাদেশি।' লেখাপড়া না জানা ওই প্রৌঢ় ওই কথা শুনে হতচকিত হয়ে পড়েন। তিনি আপ্রাণ বোঝানোর চেষ্টা করেন তিনি কেন, তাঁর সাত পুরুষের কেউ বাংলাদেশি নন। বিহারের বাসিন্দা।' ওই ভিডিও দেখে অনেকেই কৌতুহলের সঙ্গে জানতে চেয়েছেন, সত্যিই কি এমন নাগরিকত্ব যাচাই মেশিন রয়েছে। আবার নেটা নাগরিকদের অনেকে ওসির পাশে দাঁড়িয়ে বলেছেন, 'পুলিশ নানাভাবে সত্যি জানার চেষ্টা করে। কৌশাম্বী থানার স্টেশন হাউস অফিসারও তেমন এক পদ্ধতি বেছে নিয়েছেন।'তিনি খোদ এক মেশিন নিয়ে বস্তি-বস্তি ঘুরে বেড়াচ্ছেন। বস্তিবাসীদের পিঠে এক আজব মেশিন ধরে দাবি করছেন, 'মেশিন বলছে আপনি বাংলাদেশি। আপনি বাংলাদেশি না তো?' ইতিমধ্যেই সমাজমাধ্যমে ভাইরাল হয়েছে নাগরিকত্ব প্রমাণ মেশিন নিয়ে বাংলাদেশি ও রোহিঙ্গাদের খুঁজতে বেরনোর ভিডিও। সমালোচনার ঝড় উঠতেই সুর নরম করে ইন্দিরা পুরমের পুলিশ সুপার অভিষেক শ্রীবাস্তব বলেছেন, 'বস্তিতে থাকা সাধারণ মানুষের আসল পরিচয় জানতে এই পদ্ধতি প্রয়োগ করা হয়েছে। তবে সবটাই মজার ছলে।' যদিও তৃণমূলের রাজ্যসভার সাংসদ সাকেত গোখেল হুঁশিয়ারি দিয়েছেন, 'কৌশাম্বী থানার ওসির অমানবিক আচরণের জন্য আইনি নোটিশ পাঠানো হবে।'



প্রশাসন সূত্রে জানা গিয়েছে, উত্তরপ্রদেশ জুড়ে থাকা অবৈধ বাংলাদেশি ও রোহিঙ্গাদের খুঁজে বের করতে 'অপারেশন টর্চ' নামে এক অভিযান শুরু করেছে যোগী আদিত্যনাথের প্রশাসন। ওই অভিযানের অংশ হিসাবেই বস্তিতে-বস্তিতে গিয়ে বাংলাদেশি ও রোহিঙ্গাদের খোঁজ চালাচ্ছেন পুলিশ আধিকারিকরা। গত ২৩ ডিসেম্বর আরপিএফ ও সিআরপিএফকে সঙ্গে নিয়ে ভৌভাপুর বস্তি ও বিহারি মার্কেট এলাকায় হানা দিয়েছিলেন কৌশাম্বী থানার স্টেশন হাউস অফিসার অজয় শর্মা। তিনি বস্তিতে গিয়ে বস্তিবাসীদের পরিচয় জিজ্ঞাসা করার পরে এক মেশিন পিঠে ধরেছেন। ওই মেশিন নাকি বাংলাদেশিদের শনাক্ত করবে, এমন দাবিই করেছেন সবজান্তা পুলিশ আধিকারিক।

(৩ পাতার পর)

## কৃত্রিম মেধা চ্যালেঞ্জের সূচনা এবং ওড়িশায় রায়রংপুরে ভার্চুয়াল মাধ্যমে ইগনু আঞ্চলিক কেন্দ্র এবং দক্ষতা বিকাশ কেন্দ্রের উদ্বোধন করলেন রাষ্ট্রপতি

জোর দিয়ে বলেন, তাঁদের জ্ঞান এবং দক্ষতার পাশাপাশি ও প্রযুক্তিকে সমাজ সেবায় ব্যবহার করতে হবে, চ্যালেঞ্জের সমাধান সূত্র খুঁজতে হবে এবং অন্যের ক্ষমতায়ন ঘটাতে হবে। কৃত্রিম মেধা শিক্ষা সম্পূর্ণ করায় তিনি সাংসদদের প্রশংসা করে বলেন, উদ্ভূত প্রযুক্তিগত শিক্ষা লাভে নেতৃত্ব প্রদানে দৃষ্টান্ত গড়ে তুলেছেন।

রাষ্ট্রপতি বলেন, ভারতীয় অর্থনীতিতে কৃত্রিম মেধা উদ্ভূত চালিকা শক্তি হয়ে উঠেছে। আসন্ন দশকে কৃত্রিম মেধা ভারতের জিডিপি, কর্মসংস্থান এবং সার্বিক উৎপাদন ক্ষেত্রে নির্ণায়ক ভূমিকা পালন করবে। ডেটা সায়েন্স, কৃত্রিম মেধা ইঞ্জিনিয়ারিং এবং ডেটা অ্যানালিটিক্স-এর মতো দক্ষতা দেশের কৃত্রিম মেধা ভাণ্ডার গড়ে তুলতে নির্ণায়ক ভূমিকা নেবে। তিনি বলেন, বিভিন্ন সংস্থা, শিল্প অংশীদার এবং শিক্ষা মণ্ডলীর সঙ্গে যৌথ সহযোগিতার ভিত্তিতে সরকার নিশ্চিত করতে চাইছে, ভারত কেবলমাত্র প্রযুক্তিকে গ্রহণই নয়, দায়িত্বপূর্ণ ভবিষ্যৎ গঠনে তা যাতে রূপ দিতে পারে। উন্নত ভারত গড়ে তুলতে সকলকে সংকল্পবদ্ধভাবে একযোগে কাজ করার আহ্বান জানিয়েছেন তিনি। তিনি বলেন, জাতীয় শিক্ষা নীতির সঙ্গে সঙ্গতি রেখে প্রযুক্তি চালিত অন্তর্ভুক্তিমূলক সমৃদ্ধ ভারত গড়ে তোলার পাশাপাশি দেশকে যাতে জ্ঞানের এক পরাশক্তি হিসেবে গড়ে তোলা যায় সেই লক্ষ্যে আমাদের কাজ করতে হবে।

দক্ষতা বিকাশ ও উদ্যোগ মন্ত্রক এই অনুষ্ঠানের আয়োজন করে। ভারতের শ্রম শক্তিকে কৃত্রিম মেধা ভবিষ্যতের জন্য গড়ে তোলার অঙ্গ হিসেবে মন্ত্রকের তরফে এই উদ্যোগ।

(৪ পাতার পর)

## বিএসএনএল সারা দেশে সবকটি সার্কেলে শুরু করল ভয়েসওভার ওয়াইফাই (ভিওডাবলুআইএফআই) পরিষেবা

সুষ্ঠু দেওয়া নেওয়ায় সহায়তা করবে। গ্রাহকরা চালু মোবাইল নম্বর বা ফোনের ডায়াল ব্যবহার করেই কল করতে পারবেন। কোনো তৃতীয় পক্ষের সাহায্য লাগবে না।

এই পরিষেবায় বিশেষ করে সুবিধা হবে গ্রামীণ এবং দুর্গম অঞ্চলে, যেখানে মোবাইল কভারেজ সীমিত। তবে, একটি স্থায়ী ওয়াইফাই যোগাযোগ থাকতে হবে। যেমন বিএসএনএল ভারত ফাইবার বা অন্য ব্রডব্যান্ড পরিষেবা। নেটওয়ার্কের ভিড় কমাতে সাহায্য করবে ভিওডাবলুআইএফআই এবং এর জন্য কোনো অতিরিক্ত মাশুল লাগবে না।


ভিওডাবলুআইএফআই-এর সূচনা বিএসএনএল-এর নেটওয়ার্ক আধুনিকীকরণ কর্মসূচিতে গুরুত্বপূর্ণ পদক্ষেপ। সারা দেশে বিশেষ করে পরিষেবা কম পাওয়া যায় এমন অঞ্চলগুলিতে যোগাযোগের উন্নতিতে দায়বদ্ধ এই সংস্থা।

ভিওডাবলুআইএফআই বেশিরভাগ আধুনিক স্মার্ট ফোনেই লভ্য। গ্রাহকদের শুধুমাত্র তাদের হ্যান্ডসেটের সেটিং-এ ওয়াইফাই কলিং এনাবেল করতে হবে। প্রয়োজনে গ্রাহকরা নিকটবর্তী বিএসএনএল গ্রাহক পরিষেবা কেন্দ্রে অথবা বিএসএনএল হেল্প লাইন – ১৮০০১৫০৩ নম্বরে যোগাযোগ করতে পারেন।

# সিনেমার খবর

## হোয়াইট হাউসের ক্রিসমাস ডিনারে আমন্ত্রণ পাওয়া অবিশ্বাস্য এক অভিজ্ঞতা: মল্লিকা শেরওয়াত

**স্টাফ রিপোর্টার, রোজদিন**





বলিউড অভিনেত্রী মল্লিকা শেরওয়াত মানেই পর্দায় সাহসী উপস্থিতি। তার এমন ভাবমূর্তিই পরিচিতি। তবে অভিনেত্রী এবার একেবারেই ভিন্ন এক কারণে আলোচনায় উঠে এসেছেন। ঐতিহ্যবাহী মার্কিন হোয়াইট হাউসের ক্রিসমাস ডিনারে উপস্থিত হয়ে চমকে দিয়েছেন তার ভক্ত-অনুরাগীদের। সম্প্রতি সেই বিশেষ মুহূর্তের ছবি ও ভিডিও সামাজিক মাধ্যমে নিজেই শেয়ার করে নিয়েছেন মল্লিকা শেরওয়াত।

'মার্ডার' সিনেমার মাধ্যমে রাতারাতি পরিচিতি পাওয়া অভিনেত্রী সাহসী চরিত্র ও ভিন্নধর্মী উপস্থিতির জন্য একসময় নিয়মিত আলোচনায় থাকলেও সাম্প্রতিক সময়ে তার অভিনীত ছবিগুলো তেমন দর্শক টানতে পারেনি। সর্বশেষ তাকে দেখা গেছে, 'ভিকি বিদ্যা কা উও বালা ভিডিও' সিনেমায়, যেখানে তিনি ছিলেন পার্শ্বচরিত্রে। সেই সিনেমার কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন অভিনেতা রাজকুমার রাও ও অভিনেত্রী তৃপ্তি দিমরি।

যুক্তরাষ্ট্রের দীর্ঘদিনের ঐতিহ্যবাহী আয়োজন হোয়াইট হাউসের ক্রিসমাস ডিনার। প্রতি বছর ডিসেম্বরে মার্কিন প্রেসিডেন্ট ও ফার্স্টলেডির তত্ত্বাবধানে এ নৈশভোজের আয়োজন করা হয়। উচ্চপর্যায়ের খুবই সীমিতসংখ্যক অতিথি এ অনুষ্ঠানে আমন্ত্রিত হন। এমন মর্যাদাপূর্ণ আয়োজনে এবার আমন্ত্রিত অতিথিদের তালিকায় জায়গা করে নেন বলিউডের 'মার্ডার'খ্যাত অভিনেত্রী মল্লিকা শেরওয়াত।


সামাজিক মাধ্যমে শেয়ার করা পোস্টে অভিনেত্রীকে দেখা যায়, হোয়াইট হাউসের প্রবেশদ্বারের সামনে দাঁড়িয়ে আছেন মল্লিকা শেরওয়াত। আরেক ছবিতে সন্ধ্যার আয়োজনে ফার জ্যাকেট ও গোলাপি পোশাকে ধরা দেন তিনি। শুধু ছবি নয়, অতিথিদের উদ্দেশে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দেওয়া ভাষণের একটি ভিডিও শেয়ার করে নিয়েছেন মল্লিকা। সেখানে অভিনেত্রী লিখেছেন, হোয়াইট হাউসের ক্রিসমাস ডিনারে আমন্ত্রণ পাওয়া সম্পূর্ণভাবেই অবিশ্বাস্য এক অভিজ্ঞতা। আমি কৃতজ্ঞ।

অভিনেত্রীর সামাজিক মাধ্যমে পোস্ট করা সেই ছবি ও ভিডিও ছড়িয়ে পড়তেই মুহূর্তের মধ্যে নেটিজেনদের মাঝে ভাইরাল হয়ে পড়ে। কমেন্ট বক্সে নেটিজেনদের প্রশংসা যেমন ছিল, ঠিক তেমনই ছিল কটাক্ষও। অনেকেই মল্লিকার লুক ও অর্জনের প্রশংসা করে শুভকামনা জানিয়েছেন। আবার কেউ কেউ ব্যঙ্গাত্মক প্রশ্নও তুলেছেন। এক নেটিজেন লিখেছেন—অভিনন্দন! তবে আপনি কীভাবে আমন্ত্রণ পেলেন, সেটি জানতে কৌতূহল হচ্ছে। আরেক নেটিজেন লিখেছেন—সবই লোকদেখানো।

তবে অভিনয়ের সাফল্য-ব্যর্থতার হিসাব ছাপিয়ে এবার হোয়াইট হাউসের ক্রিসমাস ডিনারে উপস্থিতি মল্লিকা শেরওয়াতকে নতুন করে আলোচনার কেন্দ্রে এনে দিয়েছে।

## কেন ছেলেকে তারকা হতে দিতে চাননি শাহরুখ?

**স্টাফ রিপোর্টার, রোজদিন**





২০২৫ সালটি আরিয়ান খানের জন্য গুরুত্বপূর্ণ। নিজের পরিচালিত প্রথম ওয়েব সিরিজ 'দ্য ব্যাড্স অফ বলিউড' সাড়া ফেলেছে ওটিটিতে। শাহরুখ-পুত্র হলেও রাতারাতি নিজস্ব পরিচিতি তৈরি করেছেন আরিয়ান। কিন্তু একসময়ে শাহরুখ জানিয়েছিলেন, তিনি কখনওই পুত্রকে তারকা হতে দেবেন না।

'দিলওয়ালে' ছবিমুক্তির আগে এক সাক্ষাৎকারে, শাহরুখ এমনই একটি মন্তব্য করেছিলেন। কিন্তু সেই মন্তব্য ফের আলোচনায় উঠে এসেছে। কেন এমন মন্তব্য করেছিলেন শাহরুখ? অতীতে আর একটি সাক্ষাৎকারে শাহরুখ মন্তব্য করেছিলেন, পুত্র আরিয়ান যত দিন না তারকা হয়ে উঠছেন, তত দিন যেন তার নিজের খ্যাতি বজায় থাকে।

'দিলওয়ালে' ছবিমুক্তির আগের সেই সাক্ষাৎকারে এই মন্তব্য নিয়ে প্রশ্ন করা হয়েছিল শাহরুখকে। প্রথমে তিনি এই মন্তব্যের কথা স্বীকারই করেননি। দ্বিতীয়ত, কথাপ্রসঙ্গে তিনি বলে বসেন, আমি আমার পুত্রকে কখনও আমার মতো তারকা হতেই দেব না। আগের মন্তব্যের পিছনে যুক্তি দিতে গিয়ে এই মন্তব্য করেছিলেন শাহরুখ।

পরে অবশ্য শাহরুখ জানিয়েছিলেন, তিনি মজা করে অনেক সময়ে নানা রকমের মন্তব্য করে থাকেন। সেটাকে মজা হিসাবেই সকলের গ্রহণ করা উচিত। এর মধ্যে কোনও গভীর অর্থ না খোঁজাই সমীচীন।

## ইনস্টাগ্রামে আবেদনময়ী ছবি শেয়ার, কটাক্ষের মুখে শ্রাবন্তী



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

টালিউডের জনপ্রিয় অভিনেত্রী শ্রাবন্তী চট্টোপাধ্যায় অভিনয়ের পাশাপাশি সামাজিক মাধ্যমেও সক্রিয় থাকেন। তবে বারবার বিয়ে ভাঙার কারণে সামাজিক মাধ্যমে প্রায়ই ট্রলিংয়ের শিকার হন তিনি। তিনবার বিবাহবিচ্ছেদের পর তার দুই সাবেক স্বামী বর্তমানে নতুন করে সংসার শুরু করলেও অভিনেত্রী এখনো একাই রয়েছেন। তবু জীবনের সব চড়াই-উতরাই হাসিমুখে সামলে পেশাদার জগতে নিজেকে সক্রিয় রেখেছেন শ্রাবন্তী।

কিন্তু অভিনেত্রীর ব্যক্তিগত জীবনে বিতর্ক যেন লেগেই আছে। সামাজিক মাধ্যমে তাকে নিয়ে নেটিজেনদের মাঝে নানা আলোচনা-সমালোচনা যেন থামছেই না। এবারও নতুন করে বিতর্কের জন্ম দিলেন তিনি। সম্প্রতি সামাজিক মাধ্যম ইনস্টাগ্রামে বাথটাবে লাস্যময়ী ভঙ্গিমার একটি ছবি পোস্ট করে আবার নেটিজেনদের কটাক্ষের মুখে পড়েন শ্রাবন্তী।

ইনস্টাগ্রাম হ্যান্ডেলে শেয়ার করা ছবিতে দেখা গেছে, সাবানের ফেনাভর্তি বাথটাবে। সোনালি রঙের বিকিনিতে আবৃত নায়িকার মুখে লেগে রয়েছে চেনা হাসি। চোখে আবেশের রেশ, যা তার ভক্ত-অনুরাগী মহলে মুগ্ধতা ছড়িয়েছে। ছবিটি পোস্ট করে ক্যাপশনে শ্রাবন্তী লিখেছেন—নিজেকে সিক্ত করতে থাকুন।

সামাজিক মাধ্যমে ছবিটি প্রকাশ্যে আসতেই নেটিজেনদের মাঝে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। অসংখ্য ভক্ত-অনুরাগী ভালোবাসা প্রকাশ করে ইতিবাচক মন্তব্য করেছেন। আবার কেউ কেউ অভিনেত্রীর ব্যক্তিগতজীবন নিয়ে সহানুভূতি জানালেও, কেউ কেউ তির্যক মন্তব্য করতে ছাড়েননি।

এক নেটিজেন কমেন্টবক্সে লিখেছেন, 'অসাধারণ দুটি চোখের চাহনি।' আরেক নেটিজেন লিখেছেন 'ওয়াও, দারুণ!' তবে প্রশংসার পাশাপাশি তীব্র কটাক্ষের শিকারও হয়েছেন অভিনেত্রী শ্রাবন্তী। এক নেটিজেন লিখেছেন, 'বুড়ি হয়ে আর কত রঙ দেখাবে।' ঠাট্টার সুরে আরেক নেটিজেন লিখেছেন, 'ঠান্ডায় কত চান কর তা দেখাতে চাইছো?'

# সড়ক দুর্ঘটনায় আহত মেসির বোন, স্থগিত বিয়ে

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন আর্জেন্টিনা ফুটবল সুপারস্টার লিওনেল মেসির বোন মারিয়া সোল মেসি। শারীরিক অবস্থার কারণে আগামী মাসে তার নির্ধারিত বিয়ের অনুষ্ঠান স্থগিত করা হয়েছে বলে জানিয়েছে আর্জেন্টিনা ও আন্তর্জাতিক গণমাধ্যম।

মারিয়া সোল মেসি যুক্তরাষ্ট্রের মায়ামিতে একটি গাড়ি দুর্ঘটনার শিকার হন। দুর্ঘটনায় তার মেরুদণ্ডের দুটি কশেরুকা ভেঙে যায়। পাশাপাশি গোড়ালি ও কবজির হাড়ে ফাটল ধরা পড়ে এবং শরীরের বিভিন্ন অংশে আঘাত লাগে। তবে বর্তমানে তিনি আশঙ্কামুক্ত বলে পরিবার সূত্রে নিশ্চিত করা হয়েছে।

আর্জেন্টিনার টেলিভিশন সাংবাদিক ও উপস্থাপক অ্যাঞ্জেল দে ব্রিতো জানান, মেসির মা সেলিয়া কুচিত্তিনি তার সঙ্গে কথা বলে জানিয়েছেন মারিয়া সোল এখন বিপদমুক্ত হলেও তাকে দীর্ঘ সময় পুনর্বাসনের মধ্য দিয়ে যেতে হবে। এ কারণেই বিয়ের অনুষ্ঠান স্থগিত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

আগামী ৩ জানুয়ারি আর্জেন্টিনার রোজারিও শহরে ইন্টার মায়ামির অনূর্ধ্ব-১৯ দলের কোচিং স্টাফের সদস্য হুলিয়ান 'তুলি' আরেয়ানোর সঙ্গে মারিয়া সোলের বিয়ে হওয়ার কথা ছিল। ওই অনুষ্ঠানে মেসি পরিবারের সদস্যদের পাশাপাশি লিওনেল মেসিরও উপস্থিত থাকার কথা ছিল।

অ্যাঞ্জেল দে ব্রিতো আরও জানান, দুর্ঘটনার সময় মারিয়া সোল অজ্ঞান হয়ে একটি দেয়ালে আঘাত পান। তাঁর শরীরে দগ্ধ হওয়ার কিছু চিহ্নও রয়েছে, যেগুলোর চিকিৎসা তুলনামূলক জটিল। বর্তমানে তিনি রোজারিওতে পুনর্বাসন প্রক্রিয়ার মধ্য দিয়ে যাচ্ছেন।

পেশাগতভাবে মারিয়া সোল মেসি একজন ডিজাইনার ও উদ্যোক্তা। তিনি নিজের ব্র্যান্ড পরিচালনার পাশাপাশি বিভিন্ন সময় ভাই লিওনেল মেসির নানা উদ্যোগের সঙ্গেও যুক্ত ছিলেন। ব্যক্তিগত জীবন নিয়ে সাধারণত তিনি গণমাধ্যমের আড়ালেই থাকতে পছন্দ করেন।

দুর্ঘটনার পর মেসি পরিবারের পক্ষ থেকে ভক্ত ও শুভানুধ্যায়ীদের প্রতি কৃতজ্ঞতা জানানো হয়েছে এবং মারিয়া সোলের দ্রুত সুস্থতার জন্য সবার দোয়া কামনা করা হয়েছে।

## বিশ্বকাপ খেলতে রিয়াল ছাড়লেন এনড্রিক




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বিশ্বকাপে খেলার লক্ষ্য সামনে রেখে ধারে ক্লাব বদলালেন ব্রাজিলিয়ান তরুণ ফরোয়ার্ড ফিলিপে এনড্রিক। চলতি মৌসুমে নিয়মিত খেলার সুযোগ না পাওয়ায় তাকে ফরাসি ক্লাব অলিম্পিক লিওতে ধারে পাঠিয়েছে স্প্যানিশ জায়ান্ট রিয়াল মাদ্রিদ।

গত বছর রিয়ালে যোগ দেওয়া ১৯ বছর বয়সী এনড্রিক ভিনিসিয়ুস জুনিয়র, রদ্রিগো ও কিলিয়ান এমবাপের মতো তারকা ফরোয়ার্ডদের ভিড়ে সুযোগ কম পাচ্ছিলেন। চলতি মৌসুমে তিনি রিয়ালের জার্সিতে তিন ম্যাচে মাত্র ৯৯ মিনিট মাঠে নামতে পেরেছেন।

নিয়মিত খেলার অভাবে ২০২৬ বিশ্বকাপের জন্য ব্রাজিল জাতীয় দলে জায়গা পাওয়ার সম্ভাবনা নিয়ে শঙ্কায় ছিলেন এনড্রিক। সে কারণেই ধারে অন্য ক্লাবে যাওয়ার ব্যাপারে আগ্রহ দেখান এই তরুণ ফরোয়ার্ড।


চুক্তি অনুযায়ী, আগামী জুন পর্যন্ত লিওর হয়ে খেলবেন এনড্রিক। তবে এই ধারে চুক্তিতে তাঁকে স্থায়ীভাবে কেনার কোনো সুযোগ রাখা হয়নি। চুক্তির অংশ হিসেবে এনড্রিকের বেতনের অর্ধেক বহন করবে ফরাসি ক্লাবটি।

লিওতে ৯ নম্বর জার্সি পরে মাঠে নামবেন এনড্রিক। শীতকালীন বিরতির পর আগামী ৩ জানুয়ারি মোনাকোর বিপক্ষে লিগ ওয়ানের ম্যাচে তাঁর অভিষেক হওয়ার সম্ভাবনা রয়েছে।

চলতি মৌসুমে লিগ ওয়ানে ১৬ ম্যাচে ৮টি জয় নিয়ে পয়েন্ট তালিকার পঞ্চম স্থানে রয়েছে অলিম্পিক লিও।

## আরও একটি মাইলফলকের সামনে কোহলি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



ক্যারিয়ারের পড়ন্ত বেলায় আরও একটি মাইলফলকের সামনে বিরাট কোহলি। প্রায় ১৫ বছরের বিরতির পর বিজয় হাজারে ট্রফিতে মাঠে নামছেন তিনি। নিউজিল্যান্ডের বিপক্ষে ওয়ানডে সিরিজের প্রস্তুতির অংশ হিসেবে ৫০ ওভারের ক্রিকেটে ভারতের প্রধান ঘরোয়া প্রতিযোগিতায় খেলবেন ৩৭ বছর বয়সী এই ব্যাটার। দীর্ঘ দেড় দশক পর আগামী বুধবার অন্ধ্রপ্রদেশের বিপক্ষে দিল্লির হয়ে খেলবেন কোহলি।

প্রত্যাবর্তনের এই ম্যাচে মাত্র ১ রান করলেই লিস্ট-এ ক্রিকেটে অভিজ্ঞ এই ব্যাটারের রান হবে ১৬ হাজার। শচিন টেন্ডুলকারের পর প্রথম কোনো ভারতীয় ব্যাটার হিসেবে ১৬ হাজার রানের মাইলফলক স্পর্শ করবেন কোহলি।

এখন পর্যন্ত কোহলি ৩৪২টি লিস্ট-এ ম্যাচে ১৫,৯৯৯ রান করেছেন। ৫৭.৩৪ গড়ে রান করা কোহলির সেঞ্চুরি সংখ্যা ৫৭ আর ফিফটি ৮৪টি। সবশেষ ২০১০ সালে বিজয় হাজারে ট্রফিতে খেলেছিলেন কোহলি। দিল্লির হয়ে এই প্রতিযোগিতায় মোট ১৭টি ম্যাচের মধ্যে ১৬ ইনিংস ব্যাট করেছেন। ৬০.৬৬ এর অসাধারণ গড়ে এই প্রতিযোগিতায় তাঁর রান ৯১০। আছে সমান চারটি করে সেঞ্চুরি ও হাফ সেঞ্চুরি।

বিজয় হাজারে ট্রফিতে এবার দিল্লির হয়ে কোহলি অন্তত দুইটি ম্যাচে খেলবেন বলে আশা করা হচ্ছে। এই দলে তিনি ঋষভ পন্থের অধিনায়কত্বে খেলবেন। ২০২৬ সালের নিউজিল্যান্ড সিরিজের আগে বিজয় হাজারে ট্রফি কোহলির অনুশীলনের জন্য দারুণ এক মঞ্চ হয়ে দাড়াবে। এরই মধ্যে টেস্ট ও টি-টোয়েন্টি ক্রিকেটকে বিদায় বলে দেওয়া কোহলি ওয়ানডেতে আছেন দুর্দান্ত ছন্দে।

ওয়ানডেতে সবশেষ চারটি ইনিংসে চারটি পঞ্চাশোর্ধ্বে ইনিংস খেলেছেন তিনি। এরমধ্যে আছে কদিন আগে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে প্রথম তিন ম্যাচের সিরিজের প্রথম দু'টিতে টানা সেঞ্চুরির পর তৃতীয়টিতে ৬৫ রানের অপরাজিত ইনিংস। দুর্দান্ত পারফরম্যান্সের সৌজন্যে ওয়ানডে র‍্যাঙ্কিংয়ে দুইয়ে উঠে এসেছেন কোহলি।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR